

কোস্ট ট্রাস্ট, প্রধান কার্যালয়, ঢাকা। তারিখ: ৭ মার্চ, ২০১৭

প্রতি : নোটিস বোর্ডের মাধ্যমে সকল সহকর্মী

হতে: পরিচালক

বিষয়: আগামিকাল (৮ মার্চ) আন্তর্জাতিক নারী দিবস উদযাপন সংক্রান্ত নির্দেশনা প্রসঙ্গে

প্রিয় সহকর্মীবৃন্দ,

আপনারা জানেন, আগামিকাল (৮ মার্চ) আন্তর্জাতিক নারী দিবস। সারা বিশ্বে দিবসটি একযোগে পালিত হয়। বাংলাদেশেও এটি সরকারি এবং বেসরকারিভাবে উদযাপন হয়ে আসছে। নারী শ্রমিকের অধিকার আদায়ের সংগ্রামের ইতিহাস থেকে নারী দিবস পালনের প্রয়োজনীয়তা এবং স্বীকৃতি এসেছে। জার্মান সমাজতান্ত্রিক নেত্রী ক্লারা জেটকিনের নেতৃত্বে দীর্ঘদিনের সংগ্রাম প্রেক্ষিতে ১৯১০ সালে এই দিবস পালনের স্বীকৃতি দেয় জাতিসংঘ। তারও আগে ১৮৫৭ সালে মজুরি বৈষম্য, কর্মঘন্টা নির্দিষ্ট করা, কাজের অমানবিক পরিবেশের বিরুদ্ধে প্রতিবাদ জানাতে রাস্তায় নেমেছিলেন মার্কিন যুক্তরাষ্ট্রের সুতা কারখানার নারী শ্রমিকেরা। সেই সময় থেকে এই আন্দোলনের সূত্রপাত যা পরবর্তীতে নেতৃত্ব দিয়ে গেছেন ইউরোপের আরো অনেক সংগ্রামী নারী নেতৃবৃন্দ। দিবসটি স্বীকৃতি পেলেও নারীর সকল ক্ষেত্রে অধিকার অর্জন এবং নারী-পুরুষের সকল ক্ষেত্রে বৈষম্যেও বিষয়টি এখনও সমাজে বিদ্যমান। যতদিন এই বৈষম্য বিদ্যমান থাকবে ততদিন দিবসটি উদযাপনের প্রয়োজনীয়তা থাকবে এবং বৈষম্য দূরীকরণে একযোগে কাজ চালিয়ে যেতে হবে।

এরই ধারাবাহিকতায়, ব্যবস্থাপনার সিদ্ধান্ত মোতাবেক সংস্থার সকল প্রকল্প অফিস, শাখা অফিস এবং দুটি ট্রেনিং সেন্টারে আন্তর্জাতিক নারী দিবস উদযাপন উপলক্ষ্যে নিম্নলিখিত নির্দেশনাসমূহ পালন করার জন্য অনুরোধ করা হলো:

১. প্রতিটি অফিসে বিকেল ৪.০০ থেকে ৫.০০টা পর্যন্ত নারী দিবসের তাৎপর্য তুলে ধরে আলোচনা করতে হবে;
২. আমাদের নিজস্ব কার্যক্রম ছাড়াও দিবসটি উদযাপন নিয়ে অন্য সংগঠনের কার্যক্রমে অংশ নেয়া যাবে;
৩. সংযুক্ত লিফলেটের আলোচনায় বিষয়বস্তু দেওয়া আছে। প্রতিটি অফিসের লিডারের উপস্থাপনা শেষে কর্মীগণ আলোচ্য বিষয়ের ওপর মত দেবেন। প্রতিটি অফিসের লিডার নারী কর্মীর মাধ্যমে আলোচ্য বিষয় উপস্থাপনের জন্য উদ্যোগ নিতে পারেন। এখানে উল্লেখ্য, অফিসের সাধারণ কার্যক্রম শেষ করে এই অনুষ্ঠান আয়োজন করতে হবে।
৪. এই আয়োজনে আশেপাশের যুবসমাজকে যুক্ত করা যেতে পারে;
৫. অফিসের এই কর্মসূচির জন্য অনধিক ৫০০ টাকা (পাঁচশত টাকা) খরচ করা যাবে;
৬. কার্যক্রম শেষে ৯ মার্চের মধ্যে প্রধান কার্যালয়ে ছবিসহ প্রতিবেদন ই-মেইলের মাধ্যমে [rume.coast@gmail.com](mailto:rume.coast@gmail.com), [abir.coast@gmail.com](mailto:abir.coast@gmail.com) ঠিকানায় পাঠাতে হবে।

এই সার্কুলারটি দিবস পালনের পূর্বে কার্যকর হবে এবং সার্কুলারের বিষয়ে কোন অস্পষ্টতা বা দ্বিমত থাকলে ৭ মার্চ বিকাল ৫টার মধ্যে নিম্নোক্ত স্বাক্ষরকারী বরাবর যোগাযোগ করার জন্য বলা হলো। আপনাদের সকলের সহযোগিতা কামনা করছি।

ধন্যবাদসহ



সনত কুমার ভোঁমিক

অনুলিপি: নির্বাহী পরিচালক  
উপ পরিচালক ও সহকারী পরিচালকবৃন্দ  
অফিস ফাইল